সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭৮৭

২৭/ পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ কাপড়ে তালি লাগান।

باب مَا جَاءَ فِي تَرْقِيعِ الثَّوْبِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، حَدَّثَنَا سَعِيدُ بْنُ مُحَمَّدٍ الْوَرَّاقُ، وَأَبُو يَحْيَى الْحِمَّانِيُّ قَالاَ حَدَّثَنَا صَالِحُ بْنُ حَسَّانَ، عَنْ عُرْوَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ لِي رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا أَرَدْتِ اللُّحُوقَ بِي فَلْيَكْفِيكِ مِنَ الدُّنْيَا كَزَادِ الرَّاكِبِ وَإِيَّاكِ وَمُجَالَسَةَ الأَغْنِيَاءِ وَلاَ تَسْتَخْلِقِي ثَوْبًا حَتَّى تُرَقِّعِيهِ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ صَالِحِ بْنِ حَسَّانَ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ صَالِحُ بْنُ حَسَّانَ مُنْكَرُ الْحَدِيثِ وَصَالِحُ بْنُ أَبِي حَسَّانَ الَّذِي رَوَى عَنْهُ ابْنُ أَبِي ذِئْبٍ ثِقَةٌ . قَالَ أَبُو عِيسَى وَمَعْنَى قَوْلِهِ " وَإِيَّاكِ وَمُجَالَسَةَ الأَغْنِيَاءِ " . هُوَ نَحْوُ مَا رُوِيَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " مَنْ رَأَى مَنْ فُضِّلَ عَلَيْهِ فِي الْخَلْقِ وَالرِّزْقِ فَلْيَنْظُرْ إِلَى مَنْ هُوَ أَسْفَلُ مِنْهُ مِمَّنْ فُضِّلَ هُوَ عَلَيْهِ فَإِنَّهُ أَجْدَرُ أَنْ لاَ يَزْدَرِيَ نِعْمَةَ اللَّهِ عَلَيْهِ " . وَيُرْوَى عَنْ عَوْنِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُتْبَةَ قَالَ صَحِبْتُ الأَغْنِيَاءَ فَلَمْ أَرَ أَحَدًا أَكْثَرَ هَمًّا مِنِّي أَرَى دَابَّةً خَيْرًا مِنْ دَابَّتِي وَثَوْبًا خَيْرًا مِنْ ثَوْبِي وَصَحِبْتُ الْفُقَرَاءَ فَاسْتَرَحْتُ .

বাংলা

১৭৮৭। ইয়াহইয়া ইবনু মূসা (রহঃ) ... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বলেছেন, তুমি যদি আমার সঙ্গে মিলিত হতে চাও তবে তোমার জন্য দুনিয়ার মাঝে একজন মুসাফিরের পাথেয় পরিমাণ যেন যথেষ্ট হয়। আর তুমি ধনীদের সঙ্গে উঠা-বসা থেকে বেঁচে থাকবে। কাপড় যতক্ষণ তালি না লাগাও ততক্ষণ তা পুরান হয়েছে বলে ছেড়ে দিবে না। খুবই দুর্বল, যঈফাহ ১২৯৪, তা’লীকুর রাগীব ৪/৯৮, মিশকাত, তাহকীক ছানী ৪৩৪৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭৮০ [আল মাদানী প্রকাশনী]

এই হাদীসটি গারীব। সালিহ ইবনু হাসসান-এর সূত্র ছাড়া অন্য কোন ভাবে এটি সম্পর্কে আমরা জানি না।

মুহাম্মদ বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি যে, সালিহ ইবনু হাসসান হলেন, হাদীস বর্ণনায় মুনকার। আর সালিহ ইবনু আবূ হাসসান যার নিকট থেকে ইবনু আবূ যি’ব রিওয়ায়াত করেছেন তিনি নির্ভরযোগ্য রাবী।

إِيَّاكِ وَمُجَالَسَةَ الأَغْنِيَاءِ (ধনীদের সঙ্গে উঠা-বসা থেকে বেঁচে থাকবে) বাক্যটির তাৎপর্য এই হাদীসটির অনুরূপ যা আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, গঠন প্রকৃতি ও রিযকের ক্ষেত্রে প্রাধান্য দেওয়া হয়েছে এমন কাউকে যদি কেউ দেখতে পায় তবে সে যেন এই ক্ষেত্রে তার চেয়ে নিম্নস্থ যারা, যাদের উপর তাকে প্রাধান্য প্রদান করা হয়েছে, তাদের দিকে তাকায়। কেননা এতে (নিজের উপর) আল্লাহ প্রদত্ত নিয়ামত সমূহকে সে হেয় মনে করবে না।

আওন ইবনু আবদুল্লাহ ইবনু উতবা (রহঃ) থেকে বর্ণিত তিনি বলেন, আমি ধনীদের সাহচর্য লাভ করি। তখন আমার চেয়ে আর কাউকে অধিক বিষন্ন মনে করিনি। আমি আমার বাহনের চেয়ে উত্তম বাহন তাদের দেখি। আমার পোষাক অপেক্ষা তাদের ভাল পোষাক দেখি। আর যখন আমি দরিদ্রদের সাহচর্যে যাই তখন শান্তি পাই।

English

Narrated 'Aishah:

"The Messenger of Allah (ﷺ) said to me: 'If you want to stick with me, then suffice yourself in the world with the provisions of the rider. And beware of gatherings of the rich, and do not consider a garment to be worn out until it has been patched.'"

[Abu 'Eisa said:] This Hadith is Gharib, we do not know of it except as a narration of Salih bin Hassan. He said: I heard Muhammad bin Isma'il saying: "Salih bin Hassan is Munkar is Hadith." And Salih bin Hassan - the one who Ibn Abi Dhi'b reports from - is trustworthy.

[Abu 'Eisa said:] The meaning of this saying: "And beware of gathering of the rich" is similar to what was related from Abu Hurairah from the Prophet (ﷺ), that he said: "Whoever sees one that has been more favored than him in appearance and provision, then let him look at the one who is less than him, rather than one who is favored more than him. For indeed it is more appropriate so that he not scorn Allah's favors [upon him]."

And it has been related from 'Awn bin 'Abdullah who said: "I accompanied the rich, and did not see anyone with more troubles than me. I saw a beast that was better than my beast, and a garment that was better than my garment. And I accompanied the poor, and felt at ease."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22296

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন